96

দৈনিক বাংলা

তারিখ 12 FEB 1994
পৃষ্ঠা ৮ কলাম ৩

# জুলাই নাগাদ প্রতি থানায় ১১টি শিক্ষা প্রতিষ্ঠান উন্নত করা হবে

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দীন সরকার বলেন, বর্তমান গণতান্ত্রিক সরকার এ বছর জুলাই মাস নাগাদ দেশের প্রতিটি থানায় এগারটি শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন করবে।

শিক্ষামন্ত্রী শুক্রবার ঢাকায় মতিঝিল আইডিয়াল স্কুল ও কলেজের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করছিলেন। স্থানীয় সংসদ সদস্য মির্জা আব্বাসের সভাপতিত্বে এ অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর প্রেস সচিব মোজাম্মেল হক উপস্থিত ছিলেন। খবর তথ্য বিবরণীর।

শিক্ষামন্ত্রী বলেন, পুঁথিগত জ্ঞানদানের সাথে সাথে ছাত্র–ছাত্রীদেরকে দেশপ্রেম ও ধর্মীয় শিক্ষা নিতে হবে। তিনি বলেন, শিক্ষা জাতির মেরুদন্ড এবং শিক্ষাদানে তাই আমাদেরকে অধিক যত্নবান ও মনোযোগী হতে হবে। পরে শিক্ষামন্ত্রী বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

বিকালে শিক্ষামন্ত্রী বনানী বিদ্যানিকেতনের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানেও বক্তৃতা করেন। স্থানীয় সংসদ সদস্য মেজর (অবঃ) কামরুল ইসলাম এ অনুষ্ঠানে বক্তৃতা করেন।